# পরিশিষ্ট

## *পরিশিষ্ট- ১*

## প্রাথমিক শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্যাবলী

দৈহিক, মানসিক, সামাজিক, আধ্যাত্মিক, নৈতিক এবং মানবিক বিষয়ে শিশুর সর্বাঙ্গীন বিকাশ ও উন্নয়ন সাধনই হচ্ছে প্রাথমিক শিক্ষার মূল লক্ষ্য।

উপরোক্ত মূল লক্ষ্যে পৌঁছানোর জন্য প্রাথমিক শিক্ষার মাধ্যমে নিম্নলিখিত সাধারণ উদ্দেশ্যগুলি অর্জন করতে হবে –

১. শিক্ষার্থীর মনে সর্বশক্তিমান আল্লাহ্ তা'আলার প্রতি অটল আস্থা ও বিশ্বাস গড়ে তোলা, যেন এই বিশ্বাস তার সমগ্র ও চিন্তা ও কর্মে অনুপ্রেরণার উৎস হিসেবে কাজ করে।
২. সর্বশক্তিমান আল্লাহ তা'আলার প্রতি পূর্ণ আস্থা ও বিশ্বাসের ভিত্তিতে শিক্ষার্থীর আধ্যাত্মিক, সামাজিক ও নৈতিক মূল্যবোধ জাগিয়ে তোলা।
৩. পারস্পরিক সমঝোতা এবং সকলের প্রতি শ্রদ্ধার মনোভাব সৃষ্টি করা।
৪. কায়িক শ্রমের প্রতি ইতিবাচক দৃষ্টিভঙ্গী এবং শ্রমজীবী মানুষের প্রতি শ্রদ্ধার মনোভাব গড়ে তুলতে সাহায্য করা।
৫. পারিবারিক ও সামাজিক জীবনে সক্রিয়ভাবে অংশগ্রহণের জন্য শিক্ষার্থীকে তার অধিকার, কর্তব্য ও দায়িত্ব সম্পর্কে সচেতন করে তোলা।
৬. সুনাগরিক হিসেবে গণতান্ত্রিক প্রক্রিয়ায়/প্রতিষ্ঠানে কার্যকর অংশগ্রহণের জন্য শিক্ষার্থীকে অধিকার অর্জনে এবং কর্তব্য ও দায়িত্ব সম্পাদনে প্রশিক্ষণ দেওয়া।
৭. দেশপ্রেমের চেতনায় উদ্বুদ্ধ করে তোলা।
৮. জাতীয় ঐতিহ্য ও সংস্কৃতি সম্পর্কে জ্ঞান ও অন্তর্দৃষ্টি লাভ করা এবং এগুলির প্রতি শ্রদ্ধাবোধ জাগিয়ে তোলা।
৯. শিক্ষার্থীর শারীরিক বিকাশে সহায়তা করা এবং স্বাস্থ্যকর জীবন যাপনের অভ্যাস ও মনোভাব গড়ে তুলতে সাহায্য করা।
১০. ভাষা, সংখ্যা জ্ঞান ও হিসাব সম্পর্কিত মৌলিক দক্ষতা অর্জনে সহায়তা করা।
১১. শিখন দক্ষতা ও দৃষ্টিভঙ্গি অর্জনে শিক্ষার্থীকে সহায়তা করা।
১২. বৈজ্ঞানিক পদ্ধতি অবলম্বনে সমস্যা সমাধানের অভ্যাস গঠন এবং বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী অর্জনে সহায়তা করা।
১৩. শিক্ষার্থীর নিজ পরিবেশকে জানতে ও বুঝতে সহায়তা করা।
১৪. জীবনযাত্রার মানোন্নয়নে বিজ্ঞান ও প্রযুক্তির গুরুত্ব বুঝা এবং এর প্রয়োগে আগ্রহী করে তোলা।
১৫. শিক্ষার্থীর সুজনশীলতা বিকাশে সহায়তা করা।
১৬. শিক্ষার্থীর মনে সৌন্দর্য্যবোধ জাগিয়ে তোলা এবং পারিপার্শ্বিক সৌন্দর্য্য উপলব্ধি করতে সাহায্য করা।
১৭. বাঞ্ছিত সামাজিক আচরণ অর্জনে শিক্ষার্থীকে সহায়তা করা।
১৮. সমগ্র মানব জাতি সর্বশক্তিমান আল্লাহ্ তা'আলার সৃষ্টি– এই বিশ্বাসের ভিত্তিতে শিক্ষার্থীদের মনে বিশ্বভ্রাতৃত্ব এবং আন্তর্জাতিকতাবোধ জাগিয়ে তোলা।
১৯. বিদেশী ভাষা হিসেবে ইংরেজির প্রাথমিক দক্ষতা অর্জন এবং ব্যবহারে সহায়তা করা।

*পরিশিষ্ট- ২*

## প্রাথমিক শিক্ষা স্তরে অর্জন উপযোগী প্রান্তিক যোগ্যতাসমূহ

১. সর্বশক্তিমান স্রষ্টা ও বিশ্বের পালনকর্তা আল্লাহর একত্বে অটল বিশ্বাস স্থাপন করা।

২. আল্লাহর অসীম অনুগ্রহের জন্য কৃতজ্ঞতাবোধ করা এবং সকল কাজে তাঁকে স্মরণের মাধ্যমে সে কৃতজ্ঞতা প্রকাশ করা।

৩. আল্লাহ্‌র রাসুল হযরত মোহাম্মদ (সঃ) এর স্ব স্ব ধর্ম প্রবর্তকের জীবন চরিত জানা এবং তাঁদের শিক্ষা ও আদর্শ অনুসরণ করা।

৪. স্রষ্টার সকল সৃষ্টিকে ভালাবাসা।

৫. সকল ধর্মাবলম্বীর প্রতি সম্মান ও সহনশীলতা প্রকাশ করা।

৬. নারী-পুরুষ, ধনী-নির্ধন, পেশা ও জীবন ধারার বৈচিত্র্য নির্বিশেষে সকলের প্রতি সম্মান প্রদর্শন করা।

৭. কায়িক শ্রমযুক্ত কাজে আগ্রহী হওয়া ও শ্রমজীবী মানুষের প্রতি শ্রদ্ধাশীল হওয়া।

৮. পিতামাতা, গুরুজন, প্রতিবেশী ও আত্মীয় স্বজনদের প্রতি সম্মান প্রদর্শন ও কর্তব্য পালন করা।

৯. পরিবারের সদস্য হিসেবে নিজ দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে জানা এবং গৃহকর্মে অংশগ্রহণ করা।

১০. সমাজের সদস্য হিসেবে নিজ দায়িত্ব ও কর্তব্য সম্বন্ধে জানা এবং সামাজিক কর্মকান্ডে অংশগ্রহণ করা।

১১. বাংলাদেশের নাগরিক হিসেবে নিজ দায়িত্ব ও কর্তব্য সম্বন্ধে জানা এবং নাগরিক দায়িত্ব পালন করা।

১২. অপরের মতামত প্রকাশের সুযোগদান এবং ব্যক্ত মতামতের প্রতি সম্মান প্রদর্শন।

১৩. বিদ্যালয় কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রম সম্বন্ধে সম্মিলিতিভাবে সিদ্ধান্ত গ্রহণে সক্রিয় ভূমিকা পালন করা।

১৪. সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব ও কর্তব্য পালনের মাধ্যমে যোগ্য দলনেতা ও দলের সদস্য হিসেবে গড়ে ওঠা।

১৫. দেশকে জানা ও ভালবাসা।

১৬. জাতীয় ঐতিহ্য ও সংস্কৃতিতে (ভাষা, লোক সঙ্গীত, চারু ও কারুকলা এবং প্রখ্যাত ব্যক্তিত্ব) গৌরব বোধ করা।

১৭. জাতীয় পতাকা ও জাতীয় সঙ্গীতের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করা।

১৮. সম্পদের অপচয় পরিহার করা।

১৯. সুস্থ জীবন যাপনের জন্য সবল দেহ গঠনের গুরুত্ব বোঝা।

২০. খেলাধুলা এবং শরীর চর্চায় অংশগ্রহণের মাধ্যমে সবল দেহ গঠনে আগ্রহী হওয়া।

২১. দৈহিক ও পারিপার্শ্বিক স্বাস্থ্যবিধি জানা ও পালন করা।

২২. সুষম খাদ্য সম্পর্কে জানা, এর গুরুত্ব বুঝা এবং এরূপ খাদ্য গ্রহণের অভ্যাস করা।

২৩. সাধারণ রোগ ব্যাধি, এগুলির কারণ ও সতর্কতামূলক ব্যবস্থা সম্পর্কে জানা এবং সতর্কতা অবলম্বনে আগ্রহী হওয়া।

২৪. সহজ বাংলা ভাষায় ছাপা ও হাতে লেখা বিষয়বস্তু বুঝে শুদ্ধভাবে পড়তে পারা এবং পঠন দক্ষতা অর্জনের মাধ্যমে বাংলা ভাষায় লিখিত বিষয়বস্তু পড়ে জ্ঞানার্জন অব্যাহত রাখতে সমর্থ হওয়া।

২৫. পর্যবেক্ষণ, অভিজ্ঞতা ও মনোভাব সহজ বাংলা ভাষায় শুদ্ধ ও স্পষ্টভাবে লিখে প্রকাশ করতে পারা, সাধারণ চিঠি ও দরখাস্ত লিখতে পারা এবং বিভিন্ন ফর্ম পূরণ করতে পারা।

২৬. সহপাঠী ও অন্যান্যদের সাথে মনোভাব ও অনুভূতি সঠিক ও কার্যকরভাবে প্রকাশ ও আদান প্রদানের ক্ষেত্রে শুদ্ধ চলিত বাংলায় কথা বলতে পারা।

২৭. সহজ চলিত বাংলায় কথোপকথন, বক্তৃতা, বর্ণনা ইত্যাদি মনোযোগ সহকারে শুনে মূলভাব বুঝতে পারা।

২৮. সংখ্যার মৌলিক ধারণা লাভ করা এবং সংখ্যা ব্যবহার করতে পারা।

২৯. গণিতের মৌলিক চারটি নিয়ম জানা ও ব্যবহার করতে পারা।

৩০. দৈনন্দিন জীবনের সমস্যা সমাধানে হিসাব নিকাশের সহজ কৌশলগুলি প্রয়োগ করতে পারা।

৩১. মুদ্রা, দৈর্ঘ্য, ওজন, ক্ষেত্রফল, আয়তন ও সময়ের এককগুলি জানা ও ব্যবহার করতে পারা।

৩২. জ্যামিতিক আকার আকৃতিগুলি চেনা ও বুঝা।

৩৩. তথ্য সংগ্রহের সামর্থ্য অর্জন করা।

৩৪. পাঠ্য বহির্ভুত বই পুস্তক, সংবাদপত্র এবং সাময়িক পত্রিকা পাঠের অভ্যাস গঠন করা।

৩৫. স্বাধীনভাবে চিন্তা করা ও নিজের মত ব্যক্ত করার সামর্থ্য অর্জন করা।

৩৬. নতুন ধ্যান ধারণা গ্রহণ এবং অপরের সঙ্গে সেসব ধারণা সম্পর্কে আলোচনায় আগ্রহী হওয়া।

৩৭. নিজের উন্নয়নের জন্য অপরের গঠনমূলক সমালোচনা গ্রহণ ও ব্যবহারে আগ্রহী হওয়া।

৩৮. পর্যবেক্ষণ ও অনুসন্ধানের মাধ্যমে নিকট প্রাকৃতিক ও সামাজিক পরিবেশকে জানা ও বুঝা।

৩৯. জিজ্ঞাসা সুনির্দিষ্ট করা, পরিবেশের বিভিন্ন বস্তু পর্যবেক্ষণ ও শ্রেণীকরণ করা এবং সহজ অনুমান করার 'বৈজ্ঞানিক অনুসন্ধান দক্ষতা' অর্জন করা।

৪০. কারণ ও ফলাফলের সম্পর্ক সনাক্ত করা এবং দৈনিন্দন জীবনের সাধারণ সমস্যা সম্পর্কিত সহজ পরীক্ষণ করা।

৪১. বিজ্ঞান ও প্রযুক্তির ব্যবহারে দৈনন্দিন জীবনযাত্রার মানোন্নয়ন পর্যবেক্ষণ করা, সনাক্ত করা এবং এর গুরুত্ব উপলব্ধি করা।

৪২. নকসা অঙ্কন, চিত্রাঙ্কন, মাটির কাজ, কাগজের কাজ, সঙ্গীত, নৃত্য, নাটক ইত্যাদি শিল্পকলার মাধ্যমে নিজেকে প্রকাশ করতে পারা।

৪৩. প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের সৌন্দর্য্য পর্যবেক্ষণ ও উপলব্ধি করা।

৪৪. নিজস্ব জিনিসপত্র ও পরিবেষ্টনী সৌন্দর্যমন্ডিত করার অভ্যাস গঠন করা।

৪৫. নিয়ম শৃঙ্খলা অনুসরণ করা।

৪৬. ব্যক্তিগত ও জনসাধারণের সম্পদের যত্ন নেওয়া।

৪৭. সময়ানুবর্তিতার অভ্যাস গড়ে তোলা।

৪৮. বিভিন্ন সম্পর্কযুক্ত ব্যক্তির সঙ্গে কিরূপ আচরণ করতে হবে তা জানা এবং তদনুযায়ী শিষ্টাচার অনুশীলন করা।

৪৯. অন্যান্য দেশের শিশুদের সম্পর্কে জানা এবং বিভিন্ন ধরনের জীবন ধারা সম্পর্কে আগ্রহী হওয়া।

৫০. ইংরেজি ভাষায় ছাপা ও হাতে লেখা সহজ বিষয়বস্তু পড়তে পারা।

৫১. ইংরেজি ভাষায় কথোপকথন, গল্প ও ছড়া শোনা, বুঝা এবং আনন্দ লাভ করা।

৫২. নিজ পর্যবেক্ষণ ও ধারণা বুঝবার জন্য ইংরেজিতে সহজ বাক্য বলতে পারা।

৫৩. ইংরেজিতে শুদ্ধ ও স্পষ্ট করে পরিচিত বস্তুর সংক্ষিপ্ত বিবরণ লিখতে পারা।

# আবশ্যকীয় শিখনক্রম

## *বিষয়: গণিত*

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণীভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | অবিভক্ত প্রথম ও দ্বিতীয় শ্রেণী | | | | |
| | প্রথম শ্রেণী | দ্বিতীয় শ্রেণী | তৃতীয় শ্রেণী | চতুর্থ শ্রেণী | পঞ্চম শ্রেণী |
| **১.**<br>**১০০০ পর্যন্ত সংখ্যা গণনা করতে পারা** | ১.১<br>দৈনন্দিন জীবনে বাস্তব উপকরণ নাড়াচাড়া করবে এবং সংখ্যা গণনার ধারণা লাভ করবে। | — | — | — | — |
| | ১.২<br>১ থেকে ৫০ পর্যন্ত বাস্তব উপকরণ গণনা করতে পারবে। | ১.১<br>৫১ থেকে ১০০ পর্যন্ত বাস্তব উপকরণ গণনা করতে পারবে। | — | — | — |
| | ১.৩<br>১ থেকে ৫০ পর্যন্ত বস্তুর দলগত ধারণাকে সংখ্যা দ্বারা প্রকাশ করতে পারবে। | ১.২<br>৫১ থেকে ১০০ পর্যন্ত বস্তুর দলগত ধারণাকে সংখ্যা দ্বারা প্রকাশ করতে পারবে। | — | — | — |
| | ১.৪<br>১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা গণনা করতে পারবে। | ১.৩<br>৫১ থেকে ১০০ পর্যন্ত সংখ্যা গণনা করতে পারবে। | — | — | — |
| | ১.৫<br>১ থেকে ৫০ পর্যন্ত বাস্তব উপকরণ দশকের বান্ডিল করে গণনা করতে পারবে। | ১.৪<br>৫০ থেকে ১০০ পর্যন্ত বাস্তব উপকরণ দশকের বান্ডিল করে গণনা করতে পারবে। | ১.১<br>১০০ থেকে ১০০০ পর্যন্ত সংখ্যা বাস্তব উপকরণের সাহায্যে দশক ও শতকের বান্ডিল করে গণনা করতে পারবে। | — | — |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণীভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | অবিভক্ত প্রথম ও দ্বিতীয় শ্রেণী | | তৃতীয় শ্রেণী | চতুর্থ শ্রেণী | পঞ্চম শ্রেণী |
| | প্রথম শ্রেণী | দ্বিতীয় শ্রেণী | | | |
| | ১.৬<br>১০ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা দশকের সাহায্যে গণনা করতে পারবে (যেমন, ১৪ হবে ১ দশ ৪ ইত্যাদি)। | ১.৫<br>৫০ থেকে ১০০ পর্যন্ত সংখ্যা দশকের সাহায্যে গণনা করতে পারবে (যেমন, ৫৫ হবে ৫ দশ ৫ ইত্যাদি | — | — | — |
| | | ১.৬<br>দুই দুই, চার চার, পাঁচ পাঁচ ইত্যাদি করে সংখ্যা গণনা করতে পারবে। | — | — | — |
| **২.<br>০ থেকে ৯ পর্যন্ত সংখ্যা প্রতীকগুলো চিনতে পারা।** | ২.১<br>১ থেকে ৯ পর্যন্ত সংখ্যা প্রতীকগুলো চিনতে পারবে এবং এদের প্রত্যেকটিকে তাদের নাম অনুযায়ী সনাক্ত করতে পারবে। | — | — | — | — |
| | ২.২<br>শূন্যের ধারণা লাভ করবে। | — | — | — | — |
| **৩.<br>কোটি পর্যন্ত যে কোন সংখ্যা পড়তে পারা।** | ৩.১<br>১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা পড়তে পারবে। | ৩.১<br>৫০ থেকে ১০০ পর্যন্ত সংখ্যা পড়তে পারবে। | ৩.১<br>১০১ থেকে ১০,০০০ পর্যন্ত সংখ্যা পড়তে পারবে। | ৩.১<br>কোটি পর্যন্ত যে কোন সংখ্যা পড়তে পারা। | — |
| **৪.<br>কোটি পর্যন্ত যে কোন সংখ্যা লিখতে পারা।** | ৪.১<br>১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যা অঙ্কে লিখতে পারবে। | ৪.১<br>৫০ থেকে ১০০পর্যন্ত সংখ্যা অঙ্কে লিখতে পারবে। | ৪.১<br>১০১ থেকে ১০০,০০ পর্যন্ত সংখ্যা অঙ্কে লিখতে পারবে। | ৪.১<br>কোটি পর্যন্ত যে কোন সংখ্যা অঙ্কে লিখতে পারবে। | — |
| | ৪.২<br>১ থেকে ২০ পর্যন্ত সংখ্যা কথায় লিখতে পারবে। | ৪.২<br>২১ থেকে ১০০ পর্যন্ত সংখ্যা কথায় লিখতে পারবে। | ৪.২<br>১০১ থেকে ১০,০০০ পর্যন্ত সংখ্যা কথায় লিখতে পারবে। | ৪.২<br>কোটি পর্যন্ত যে কোন অঙ্কের সংখ্যা কথায় লিখতে পারবে। | — |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণীভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | অবিভক্ত প্রথম ও দ্বিতীয় শ্রেণী | | | | |
| | প্রথম শ্রেণী | দ্বিতীয় শ্রেণী | তৃতীয় শ্রেণী | চতুর্থ শ্রেণী | পঞ্চম শ্রেণী |
| **৫.** **১২ পর্যন্ত রোমান সংখ্যার প্রতীক চিনতে, পড়তে ও লিখতে পারা।** | — | — | — | ৫.১ ১২ পর্যন্ত রোমান সংখ্যার প্রতীক চিনতে, পড়তে ও লিখতে পারবে। | — |
| **৬.** **কোটি পর্যন্ত সংখ্যায় ব্যবহৃত অঙ্কের স্থানীয় মান নির্ণয় করতে পারা।** | — | ৬.১ সংখ্যার স্থানীয় মান (একক, দশক ও শতক) সম্পর্কে ধারণা লাভ করবে। | — | — | — |
| | — | ৬.২ ১০০ পর্যন্ত সংখ্যায় ব্যবহৃত অঙ্কের স্থানীয় মান নির্ণয় করতে পারবে। | ৬.১ ১০,০০০ পর্যন্ত সংখ্যাগুলোতে ব্যবহৃত বিভিন্ন অঙ্কের স্থানীয় মান নির্ণয় করতে পারবে। | ৬.১ কোটি পর্যন্ত সংখ্যায় ব্যবহৃত বিভিন্ন অঙ্কের স্থানীয় মান নির্ণয় করতে পারবে। | — |
| **৭.** **দশ হাজার পর্যন্ত সংখ্যার তুলনা করতে ও মানের ক্রমানুসারে সাজাতে পারা।** | ৭.১ কম বেশির ধারণা লাভ করবে। | — | — | — | — |
| | ৭.২ ১ থেকে ১০ পর্যন্ত সংখ্যাগুলোর মধ্যে যে কোন দুইটি সংখ্যা তুলনা করে বড় ছোট বলতে পারবে। | ৭.১ ১১ থেকে ১০০ পর্যন্ত সংখ্যাগুলোর মধ্যে যে কোন দুইটি সংখ্যা তুলনা করে বড় ছোট বলতে পারবে। | ৭.১ ১০১ থেকে ১০,০০০ পর্যন্ত সংখ্যাগুলোর মধ্যে যে কোন দুইটি সংখ্যা তুলনা করে বড় ছোট বলতে পারবে (প্রতীক ব্যবহার করে)। | — | — |
| | ৭.৩ ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যাগুলোর মধ্যে জোড় বিজোড় সংখ্যাগুলো সনাক্ত করতে পারবে। | ৭.২ ৫১ থেকে ১০০ পর্যন্ত সংখ্যাগুলোর মধ্যে জোড় বিজোড় সংখ্যা সনাক্ত করতে পারবে। | ৭.২ ১০১ থেকে ১০,০০০ পর্যন্ত সংখ্যাগুলোর মধ্যে জোড় বিজোড় সংখ্যা সনাক্ত করতে পারবে। | — | — |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণীভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | অবিভক্ত প্রথম ও দ্বিতীয় শ্রেণী | | তৃতীয় শ্রেণী | চতুর্থ শ্রেণী | পঞ্চম শ্রেণী |
| | প্রথম শ্রেণী | দ্বিতীয় শ্রেণী | | | |
| | ৭.৪<br>১ থেকে ১০ পর্যন্ত সংখ্যার অনুক্রমের ধারণা লাভ করবে এবং বড় থেকে ছোট ও ছোট থেকে বড় অনুক্রমে সংখ্যাগুলো সাজাতে পারবে। | ৭.৩<br>১১ থেকে ১০০ পর্যন্ত সংখ্যার অনুক্রম বুঝবে এবং বড় থেকে ছোট ও ছোট থেকে বড় অনুক্রমে সংখ্যাগুলোকে সাজাতে পারবে। | ৭.৩<br>১০১ থেকে ১০,০০০ পর্যন্ত সংখ্যায় বড় থেকে ছোট এবং ছোট থেকে বড় অনুক্রমে সংখ্যাগুলো সাজাতে পারবে। | — | — |
| | — | — | — | ৭.১<br>চার অঙ্ক দ্বারা বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা গঠন করতে পারবে। | ৭.১<br>অনুর্ধ্ব ছয় অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা গঠন করতে পারবে। |
| **৮.<br>দশ পর্যন্ত ক্রমবাচক সংখ্যা চিনতে, গুণতে, পড়তে ও লিখতে পারা** | ৮.১<br>১ম থেকে ১০ম পর্যন্ত ক্রমবাচক সংখ্যাগুলো চিনতে পারবে। | ৮.১<br>১ম থেকে ১০ম পর্যন্ত ক্রমবাচক সংখ্যাগুলো পড়তে ও লিখতে পারবে। | — | — | — |
| **৯.<br>ছয় অঙ্ক বিশিষ্ট দুই বা ততোধিক সংখ্যার যোগ করতে পারা (হাতে না রেখে ও হাতে রেখে)** | ৯.১<br>১০ পর্যন্ত উপকরণ একত্র করে যোগের ধারণা লাভ করবে এবং এর থেকে যোগ করার নিয়ম শিখবে। | ৯.১<br>উপকরণ ব্যবহার করে যোগ করতে পারবে (সমষ্টি হতে অনুর্ধ্ব ১০০)। | — | — | — |
| | ৯.২<br>৫০ পর্যন্ত সংখ্যা যোগ করতে পারবে (হাতে না রেখে এবং যোগফল অনুর্ধ্ব ৫০ হবে)। | ৯.২<br>হাতে না রেখে ও রেখে দুই অঙ্ক বিশিষ্ট সংখ্যা যোগ করতে পারবে (সমষ্টি হতে অনুর্ধ্ব ১০০)। | ৯.১<br>দুই, তিন বা চার অঙ্ক বিশিষ্ট সর্বোচ্চ চারটি সংখ্যার যোগ করতে পারবে (সমষ্টি অনুর্ধ্ব ১০,০০০ এবং হাতে না রেখে ও রেখে)। | ৯.১<br>অনুর্ধ্ব পাঁচ অঙ্ক বিশিষ্ট ৩/৪/৫ সংখ্যার যোগ করতে পারবে (হাতে না রেখে ও রেখে)। | ৯.১<br>অনুর্ধ্ব ছয় অঙ্ক বিশিষ্ট দুই বা ততোধিক সংখ্যার (হাতে রেখে/না রেখে) যোগ করতে পারবে। |
| | — | ৯.৩<br>যোগে শূন্য ব্যবহার করতে পারবে। | — | — | — |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণীভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | অবিভক্ত প্রথম ও দ্বিতীয় শ্রেণী | | তৃতীয় শ্রেণী | চতুর্থ শ্রেণী | পঞ্চম শ্রেণী |
| | প্রথম শ্রেণী | দ্বিতীয় শ্রেণী | | | |
| **১০**<br>**অনূর্ধ্ব ছয় অঙ্ক বিশিষ্ট একটি সংখ্যা থেকে আর একটি সংখ্যার বিয়োগ করতে পারা (হাতে না রেখে ও রেখে)।** | ১০.১<br>১০ পর্যন্ত উপকরণ পৃথক করে বা বাদ দিয়ে বিয়োগের ধারণা লাভ করবে এবং বিয়োগ করা নিয়ম শিখবে। | ১০.১<br>উপকরণ ব্যবহার করে বিয়োগ করতে পারবে। | — | — | — |
| | ১০.২<br>৫০ পর্যন্ত সংখ্যা থেকে দুইটি সংখ্যার বিয়োগ করতে পারবে (হাতে না রেখে)। | ১০.২<br>হাতে না রেখে ও রেখে দুই অঙ্কের সংখ্যা থেকে দুই অঙ্কের সংখ্যার বিয়োগ করতে পারবে। | ১০.১<br>চার অঙ্ক বিশিষ্ট একটি সংখ্যা থেকে অনূর্ধ্ব চার অঙ্ক বিশিষ্ট আর একটি সংখ্যার বিয়োগ করতে পারবে (হাতে না রেখে এবং রেখে)। | ১০.১<br>পাঁচ অঙ্ক বিশিষ্ট একটি সংখ্যা থেকে অনূর্ধ্ব পাঁচ অঙ্ক বিশিষ্ট আর একটি সংখ্যার বিয়োগ করতে পারবে (হাতে না রেখে এবং রেখে)। | ১০.১<br>ছয় অঙ্ক বিশিষ্ট একটি সংখ্যা থেকে অনূর্ধ্ব ছয় অঙ্ক বিশিষ্ট আর একটি সংখ্যার বিয়োগ করতে পারবে (হাতে না রেখে এবং রেখে)। |
| | — | ১০.৩<br>এক অথবা দুই অঙ্কের সংখ্যা থেকে শূন্য বিয়োগ করতে পারবে। | — | — | — |
| **১১**<br>**যোগ বিয়োগ সংক্রান্ত সমস্যার সমাধান করতে পারা।** | ১১.১<br>যোগ ও বিয়োগ সংক্রান্ত সহজ সমস্যার সমাধান করতে পারবে। (অনুর্ধ্ব ৫০ পর্যন্ত সংখ্যা ব্যবহার করবে এবং ফলাফল হবে অনুর্ধ্ব ৫০)। | ১১.১<br>যোগ ও বিয়োগ সংক্রান্ত বিভিন্ন সমস্যার সমাধান করতে পারবে। (অনুর্ধ্ব ১০০ পর্যন্ত সংখ্যা ব্যবহার করবে এবং ফলাফল হবে অনূর্ধ্ব ১০০)। | ১১.১<br>যোগ ও বিয়োগ সংক্রান্ত দুই স্তর বিশিষ্ট সমস্যার সমাধান করতে পারবে। (অনুর্ধ্ব ৪ অঙ্ক বিশিষ্ট সংখ্যা ব্যবহার করে)। | ১১.১<br>যোগ ও বিয়োগ সংক্রান্ত তিন স্তর বিশিষ্ট সমস্যার সমাধান করতে পারবে। (অনুর্ধ্ব ৫ অঙ্ক বিশিষ্ট সংখ্যা ব্যবহার করে)। | ১১.১<br>যোগ ও বিয়োগ সংক্রান্ত তিন স্তর বিশিষ্ট সমস্যার সমাধান করতে পারবে। (অনুর্ধ্ব ৬ অঙ্ক বিশিষ্ট সংখ্যা ব্যবহার করে)। |
| **১২**<br>**একটি সংখ্যাকে আর একটি সংখ্যা দ্বারা গুণ করতে পারা (গুণ্য অনূর্ধ্ব ৪ অঙ্ক বিশিষ্ট সংখ্যা এবং গুণক অনূর্ধ্ব ৩ অঙ্ক বিশিষ্ট সংখ্যা)।** | — | ১২.১<br>উপকরণ ব্যবহার করে গুণের ধারণা লাভ করবে এবং গুণের পদ্ধতি শিখবে। | — | — | — |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণীভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | অবিভক্ত প্রথম ও দ্বিতীয় শ্রেণী | | | | |
| | প্রথম শ্রেণী | দ্বিতীয় শ্রেণী | তৃতীয় শ্রেণী | চতুর্থ শ্রেণী | পঞ্চম শ্রেণী |
| | — | ১২.২<br>২ থেকে ১০ পর্যন্ত গুণের নামতা শিখবে এবং গুণ অঙ্কে ব্যবহার করতে পারবে (গুণফল হবে অনুর্ধ্ব ১০০)। | ১২.১<br>১১ থেকে ২০ পর্যন্ত গুণের নামতা শিখবে ও লিখতে পারবে। | — | — |
| | — | ১২.৩<br>হাতে না রেখে অনুর্ধ্ব ২ অঙ্কের সংখ্যাকে এক অঙ্কের সংখ্যা দ্বারা গুণ করতে পারবে। | ১২.২<br>হাতে না রেখে ও রেখে অনুর্ধ্ব তিন অঙ্ক বিশিষ্ট সংখ্যাকে অনূর্ধ্ব দুই অঙ্ক বিশিষ্ট সংখ্যা দ্বারা গুণ করতে পারবে (গুণফল ১০,০০০ এর বেশি হবে না)। | ১২.১<br>হাতে না রেখে ও রেখে একটি সংখ্যাকে আর একটি সংখ্যা দ্বারা গুণ করতে পারবে (গুণ্য ৪ অঙ্ক বিশিষ্ট ও গুণক অনুর্ধ্ব ৩ অঙ্ক বিশিষ্ট সংখ্যা হবে এবং গুণফল হবে অনুর্ধ্ব এক লক্ষ্য। | ১২.১<br>অনুর্ধ্ব ৪ অঙ্ক বিশিষ্ট সংখ্যাকে অনূর্ধ্ব ৩ অঙ্ক বিশিষ্ট সংখ্যা দ্বারা গুণ করতে পারবে। |
| | — | ১২.৪<br>শূন্য দ্বারা কোন সংখ্যাকে গুণ করতে বা শূন্যকে কোন সংখ্যা দ্বারা গুণ করতে পারবে। | ১২.৩<br>অনুর্ধ্ব তিন অঙ্ক বিশিষ্ট সংখ্যাকে ১০ বা ১০০ দ্বারা গুণ করতে পারবে। | — | — |
| | — | — | ১২.৪<br>গুণ, গুণক এবং গুণফল কি তা বলতে পারবে। | — | — |
| **১৩**<br>**একটি সংখ্যাকে আর একটি সংখ্যা দ্বারা ভাগ করতে পারা (ভাজ্য অনুর্ধ্ব ৫ অঙ্ক বিশিষ্ট এবং ভাজক অনূর্ধ্ব ৩ অঙ্ক বিশিষ্ট সংখ্যা হবে)।** | — | ১৩.১<br>উপকরণ ব্যবহার করে ভাগের ধারণা লাভ করবে, ভাগের পদ্ধতি শিখবে এবং গুণের নামতা ব্যবহার করে ভাগ করতে পারবে (ভাজ্য হবে অনুর্ধ্ব দুই অঙ্ক বিশিষ্ট সংখ্যা এবং ভাজক হবে শূন্য বাদে এক অঙ্ক বিশিষ্ট সংখ্যা)। | — | — | — |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণীভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | অবিভক্ত প্রথম ও দ্বিতীয় শ্রেণী | | | | |
| | প্রথম শ্রেণী | দ্বিতীয় শ্রেণী | তৃতীয় শ্রেণী | চতুর্থ শ্রেণী | পঞ্চম শ্রেণী |
| | — | — | ১৩.১<br>অনুর্ধ্ব ৩ অঙ্কের সংখ্যাকে ১ অঙ্কের সংখ্যা দিয়ে ভাগ করতে পারবে (হাতে না রেখে ও রেখে)। | ১৩.১<br>অনুর্ধ্ব ৪ অঙ্কের সংখ্যাকে ২ অঙ্কের সংখ্যা দিয়ে ভাগ করতে পারবে (হাতে না রেখে ও রেখে)। | ১৩.১<br>অনুর্ধ্ব ৫ অঙ্কের সংখ্যাকে অনুর্ধ্ব ৩ অঙ্কের সংখ্যা দিয়ে ভাগ করতে পারবে (হাতে না রেখে ও রেখে)। |
| | — | — | ১৩.২<br>ভাজ্য, ভাজক, ভাগফল ও ভাগশেষ কি তা বলতে পারবে। | — | — |
| **১৪**<br>**যোগ, বিয়োগ, গুণ ও ভাগ কার্যবিধির অনুর্ধ্ব যে কোন ৩টি ব্যবহার করে তিন স্তর বিশিষ্ট সহজ সমস্যা সমাধান করতে পারা (কার্যবিধির যে কোন পর্যায়ে ৪ অঙ্ক বিশিষ্ট সংখ্যার চেয়ে বড় সংখ্যা ব্যবহৃত হবে না)।** | — | ১৪.১<br>গুণ সংক্রান্ত সহ সমস্যার সমাধান পারবে। | — | — | — |
| | — | ১৪.২<br>ভাগ সংক্রান্ত সহজ সমস্যার সমাধান করতে পারবে। | ১৪.১<br>গুণ ও ভাগ সংক্রান্ত সমস্যার সমাধান করতে পারবে (দুই অঙ্ক বিশিষ্ট সংখ্যার চেয়ে বড় সংখ্যা ব্যবহৃত হবে না)। | ১৪.১<br>গুণ ও ভাগ সংক্রান্ত সমস্যার সমাধান করতে পারবে (৩ অঙ্ক বিশিষ্ট সংখ্যার চেয়ে বড় সংখ্যা ব্যবহৃত হবে না)। | — |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণীভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | অবিভক্ত প্রথম ও দ্বিতীয় শ্রেণী | | তৃতীয় শ্রেণী | চতুর্থ শ্রেণী | পঞ্চম শ্রেণী |
| | প্রথম শ্রেণী | দ্বিতীয় শ্রেণী | | | |
| | — | — | ১৪.২<br>যোগ, বিয়োগ, গুণ ও ভাগ কার্যবিধির যে কোন দুইটি ব্যবহার করে দুই স্তর বিশিষ্ট সহজ সমস্যার সমাধান করতে পারবে (কার্যবিধির কোন পর্যায়ে দুই অঙ্ক বিশিষ্ট সংখ্যার চেয়ে বড় সংখ্যা ব্যবহৃত হবে না)। | ১৪.২<br>যোগ, বিয়োগ, গুণ ও ভাগ কার্যবিধির যে কোন দুইটি ব্যবহার করে দুই স্তর বিশিষ্ট সহজ সমস্যার সমাধান করতে পারবে (কার্যবিধির কোন পর্যায়ে তিন অঙ্ক বিশিষ্ট সংখ্যার চেয়ে বড় সংখ্যা ব্যবহৃত হবে না)। | ১৪.২<br>যোগ, বিয়োগ, গুণ ও ভাগ কার্যবিধির অনূর্ধ্ব যে কোন তিনটি ব্যবহার করে তিন স্তর বিশিষ্ট সহজ সমস্যার সমাধান করতে পারবে (কার্যবিধির কোন পর্যায়ে ৪ অঙ্ক বিশিষ্ট সংখ্যার চেয়ে বড় সংখ্যা ব্যবহৃত হবে না)। |
| **১৫**<br>**বাংলাদেশী মুদ্রা ও টাকা চিনতে এবং দৈনন্দিন জীবনে লেনদেনে ব্যবহার করতে পারা।** | ১৫.১<br>বাংলাদেশী মুদ্রা এবং ৫০ টাকা পর্যন্ত প্রচলিত কাগজের নোট চিনতে পারবে। | ১৫.১<br>১০০ টাকা পর্যন্ত বাংলাদেশী কাগজের নোট চিনতে এবং দৈনন্দিন লেনদেনে মুদ্রা ও নোট ব্যবহার করতে পারবে। | ১৫.১<br>বাংলাদেশী সকল মুদ্রা ও কাগজের নোট চিনতে পারবে এবং মুদ্রা লেখার পদ্ধতি জানবে। | — | — |
| | — | — | ১৫.২<br>মুদ্রার বিনিময়সহ দৈনন্দিন লেনদেনে মুদ্রা ও নোট ব্যবহার করতে পারবে। | — | — |
| **১৬**<br>**ঐকিক নিয়মের ধারণা লাভ করা এবং এ নিয়ম ব্যবহার করে দৈনন্দিন জীবনের সমস্যা সমাধান করতে পারা।** | — | — | — | — | ১৬.১<br>পূর্ণ সংখ্যা ব্যবহার করে ঐকিক নিয়মের সাহায্যে দৈনন্দিন জীবনের সহজ সমস্যার সমাধান করতে পারবে। |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণীভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | অবিভক্ত প্রথম ও দ্বিতীয় শ্রেণী | | | | |
| | প্রথম শ্রেণী | দ্বিতীয় শ্রেণী | তৃতীয় শ্রেণী | চতুর্থ শ্রেণী | পঞ্চম শ্রেণী |
| **১৭**<br>**পূর্ণ সংখ্যার সরল করতে পারা।** | — | — | — | ১৭.১<br>যোগ, বিয়োগ ও গুণ বিশিষ্ট পূর্ণ সংখ্যার সরল করতে পারবে। | ১৭.১<br>বন্ধনী, যোগ, বিয়োগ, গুণ ও ভাগ সম্বলিত পূর্ণ সংখ্যার সরল করতে পারবে। |
| **১৮**<br>**গড় সংক্রান্ত সহজ সমস্যার সমাধান করতে পারা।** | — | — | — | — | ১৮.১<br>গড় সম্পর্কে ধারণা লাভ করতে পারবে। |
| | — | — | — | — | ১৮.২<br>গড় নির্ণয় করতে পারবে। |
| | — | — | — | — | ১৮.৩<br>গড় সম্পর্কিত সহজ সমস্যার সমাধান করতে পারবে। |
| **১৯**<br>**ল.সা.গু. ও গ.সা.গু. সম্বন্ধে ধারণা লাভ করা ও তৎসংক্রান্ত সহজ সমস্যার সমাধান করতে পারা।** | — | — | — | ১৯.১<br>গুণনীয়ক ও গুণিতক সম্বন্ধে ধারণা লাভ করবে। | — |
| | — | — | — | ১৯.২<br>মৌলিক ও কৃত্রিম সংখ্যা চিনতে পারবে। | — |
| | — | — | — | ১৯.৩<br>ল.সা.গু. ও গ.সা.গু. সম্বন্ধে মৌলিক ধারণা লাভ করবে। | — |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণীভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | অবিভক্ত প্রথম ও দ্বিতীয় শ্রেণী | | | | |
| | প্রথম শ্রেণী | দ্বিতীয় শ্রেণী | তৃতীয় শ্রেণী | চতুর্থ শ্রেণী | পঞ্চম শ্রেণী |
| | — | — | — | ১৯.৪<br>অনূর্ধ্ব ৩ সংখ্যার ল.সা.গু. ও গ.সা.গু. নির্ণয় করতে পারবে। | ১৯.১<br>বিভিন্ন পদ্ধতিতে ল.সা.গু. ও গ.সা.গু. নির্ণয় এবং এতদসংক্রান্ত সহজ সমস্যার সমাধান করতে পারবে। |
| ২০<br>**গাণিতিক প্রতীক চেনা ও ব্যবহার করতে পারা** | — | — | ২০.১<br>গাণিতিক প্রতীক, যথা =, > ও < চিনতে ও ব্যবহার করতে পারবে। | ২০.১<br>গাণিতিক প্রতীক, যথা =, > ও < চিনতে ও ব্যবহার করতে পারবে এবং সহজ গাণিতিক বাক্য বুঝতে পারবে। | ২০.১<br>গাণিতিক বাক্যে আক্ষরিক সংখ্যা ব্যবহার করতে পারবে। যেমন, ৫+ক=৭ হলে ক এ মান কত? |
| | — | — | — | — | ২০.২<br>কতকগুলো ক্রমিক সংখ্যার যোগফল সংক্ষিপ্ত নিয়মে বের করতে পারবে। |
| ২১<br>**সাধারণ ভগ্নাংশ সম্বন্ধে ধারণা লাভ করা এবং বিভিন্ন প্রকারের ভগ্নাংশ চেনা ও ব্যবহার করতে পারা (হর হবে অনূর্ধ্ব ২ অঙ্কের সংখ্যা)।** | — | ২১.১<br>কোন বস্তুকে সমান দুই ভাগে ভাগ করতে এবং প্রত্যেক অংশকে পূর্ণ বস্তুটির অর্ধেক বা $^১/_২$ বলে চিনতে পারবে। | — | — | — |
| | — | ২১.২<br>কোন জিনিসকে সমান চার ভাগে ভাগ করতে পারবে এবং প্রত্যেক অংশকে পূর্ণ বস্তুটির চার ভাগের এক ভাগ বা $^১/_৪$ বলে চিনবে। | — | — | — |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণীভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | অবিভক্ত প্রথম ও দ্বিতীয় শ্রেণী | | | | |
| | প্রথম শ্রেণী | দ্বিতীয় শ্রেণী | তৃতীয় শ্রেণী | চতুর্থ শ্রেণী | পঞ্চম শ্রেণী |
| | — | ২১.৩<br>১/২ ও ১/৪ এই দুইটি ভগ্নাংশ পড়তে, লিখতে ও তুলনা করতে পারবে। | ২১.১<br>১/২ , ১/৩ , ১/৪ , ৩/৪ , ২/৩ ইত্যাদি আকৃতির ভগ্নাংশ সম্বন্ধে ধারণা লাভ করবে এবং দৈনন্দিন জীবনে ব্যবহার করতে পারবে। | — | — |
| | — | — | — | ২১.১<br>ভগ্নাংশের হর ও লব চিনতে পারবে। | ২১.১<br>একাধিক ভগ্নাংশকে একই হর বিশিষ্ট ভগ্নাংশে কিংবা একই লব বিশিষ্ট ভগ্নাংশে পরিণত করতে পারবে। |
| | — | — | ২১.২<br>সমতুল ভগ্নাংশ সম্বন্ধে ধারণা লাভ করবে। | ২১.২<br>ভগ্নাংশের লঘিষ্ট আকারের ধারণা লাভ করবে এবং লঘিষ্ট আকারে প্রকাশযোগ্য ভগ্নাংশকে লঘিষ্ট আকারে প্রকাশ করতে পারবে। | ২১.৩<br>প্রকৃত, অপ্রকৃত ও মিশ্র ভগ্নাংশ সম্বন্ধে ধারণা লাভ করবে এবং অপ্রকৃত ভগ্নাংশকে মিশ্র ভগ্নাংশে ও মিশ্র ভগ্নাংশকে অপ্রকৃত ভগ্নাংশে পরিণত করতে পারবে। |
| | — | — | ২১.৩<br>সহজ ও সমহর বিশিষ্ট ভগ্নাংশের তুলনা করে বড় ছোট বলতে পারবে এবং গাণিতিক প্রতীক ব্যবহার করে লিখতে পারবে। | — | ২১.৩<br>বিভিন্ন লব ও হর বিশিষ্ট ভগ্নাংশের তুলনা করে বড় ছোট বের করতে এবং প্রতীক ব্যবহার করে বড় থেকে ছোট ও ছোট থেকে বড় ক্রমানুসারে সাজাতে পারবে। |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণীভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | অবিভক্ত প্রথম ও দ্বিতীয় শ্রেণী | | | | |
| | প্রথম শ্রেণী | দ্বিতীয় শ্রেণী | তৃতীয় শ্রেণী | চতুর্থ শ্রেণী | পঞ্চম শ্রেণী |
| **২২**<br>**সাধারণ ভগ্নাংশের যোগ, বিয়োগ, গুণ ও ভাগ করতে পারা (হর হবে অনুর্ধ্ব ২ অঙ্কের সংখ্যা)।** | — | — | ২২.১<br>একই হর বিশিষ্ট ভগ্নাংশের যোগ করতে পারবে (হর হবে অনুর্ধ্ব ২ অঙ্কের সংখ্যা)। | — | — |
| | — | — | ২২.২<br>একই হর বিশিষ্ট ভগ্নাংশের বিয়োগ করতে পারবে (হর হবে অনুর্ধ্ব ২ অঙ্কের সংখ্যা)। | ২২.১<br>ভগ্নাংশের সহজ যোগ ও বিয়োগ করতে পারবে (হর হবে অনুর্ধ্ব ২ অঙ্কের সংখ্যা)। | — |
| | — | — | — | ২২.২<br>ভগ্নাংশের যোগ বিয়োগের সরল করতে পারবে। | ২২.১<br>প্রকৃত, অপ্রকৃত ও মিশ্র ভগ্নাংশের যোগ ও বিয়োগ করতে পারবে। |
| | — | — | — | — | ২২.২<br>প্রকৃত ও মিশ্র ভগ্নাংশকে পূর্ণ সংখ্যা দ্বারা গুণ করতে হবে। |
| | — | — | — | — | ২২.৩<br>প্রকৃত ভগ্নাংশকে প্রকৃত ভগ্নংশ দ্বারা গুণ করতে পারবে। |
| | — | — | — | — | ২২.৪<br>ভগ্নাংশকে পূর্ণ সংখ্যা দ্বারা এবং পূর্ণ সংখ্যাকে ভগ্নাংশ দ্বারা ভাগ করতে পারবে। |
| | — | — | — | — | ২২.৫<br>ভগ্নাংশকে ভগ্নাংশ দ্বারা ভাগ করতে পারবে। |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণীভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | অবিভক্ত প্রথম ও দ্বিতীয় শ্রেণী | | | | |
| | প্রথম শ্রেণী | দ্বিতীয় শ্রেণী | তৃতীয় শ্রেণী | চতুর্থ শ্রেণী | পঞ্চম শ্রেণী |
| | — | — | — | — | ২২.৬ যোগ, বিয়োগ, গুণ, ভাগ এর ও বন্ধনী বিশিষ্ট ভগ্নাংশের সহজ সরল করতে পারবে। |
| **২৩ ভগ্নাংশের যোগ, বিয়োগ, গুণ এবং ভাগ সংক্রান্ত দৈনন্দিন জীবনের বিভিন্ন সমস্যার সমাধান করতে পারা (ভগ্নাংশের হর অনুর্ধ্ব ২ অঙ্কের সংখ্যা)** | — | — | — | — | ২৩.১ ভগ্নাংশের যোগ, বিয়োগ, গুণ ও ভাগের যে কোন তিনটি কার্যবিধি ব্যবহার করে দৈনন্দিন জীবনের সমস্যা সমাধান করতে পারবে। |
| **২৪ সংখ্যা শ্রেণীর বিস্তাররূপে দশমিক ভগ্নাংশের ধারণা লাভ ও ব্যবহার করতে পারা।** | — | — | — | ২৪.১ সাধারণ ভগ্নাংশকে দশমিক ভগ্নাংশে রূপান্তর করতে পারবে এবং এর থেকে সংখ্যা শ্রেণীর বিস্তাররূপে দশমিক ভগ্নাংশের ধারণা লাভ করবে এবং ব্যবহার করতে পারবে। | — |
| | — | — | — | ২৪.২ দশমিক ভগ্নাংশকে সাধারণ ভগ্নাংশে রূপান্তর করতে পারবে। | — |
| | — | — | — | ২৪.৩ দশমিক ভগ্নাংশ পড়তে ও লিখতে পারবে। | — |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণীভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | অবিভক্ত প্রথম ও দ্বিতীয় শ্রেণী | | তৃতীয় শ্রেণী | চতুর্থ শ্রেণী | পঞ্চম শ্রেণী |
| | প্রথম শ্রেণী | দ্বিতীয় শ্রেণী | | | |
| | — | — | — | ২৪.৪<br>সংখ্যায় দশমিক থাকলে অঙ্কগুলির স্থানীয় মান নির্ণয় করতে পারবে। | — |
| | — | — | — | ২৪.৫<br>প্রতীক ব্যবহার করে দশমিক ভগ্নাংশের সংখ্যা মানের তুলনা করতে পারবে। | — |
| **২৫**<br>**দশমিক ভগ্নাংশের যোগ, বিয়োগ, গুণ ও ভাগ করতে পারা এবং এর সর্বাধিক যে কোন তিনটি কার্যবিধি ব্যবহার করে সহজ সমস্যার সমাধান করতে পারা।** | — | — | — | ২৫.১<br>দশমিক ভগ্নাংশের সহজ যোগ, বিয়োগ, গুণ করতে পারবে এবং এর সর্বাধিক যে কোন দুইটি কার্যবিধি ব্যবহার করে সহজ সমস্যার সমাধান করতে পারবে। | ২৫.১<br>দশমিক ভগ্নাংশের সহজ যোগ, বিয়োগ, গুণ ও ভাগ করতে পারবে এবং তিন স্তর বিশিষ্ট সহজ সমস্যার সমাধান করতে পারবে। |
| **২৬**<br>**শতকরার ধারণা লাভ করা এবং সহজ সমস্যার সমাধানে শতকরার ব্যবহার করতে পারা।** | — | — | — | — | ২৬.১<br>শতকরার ধারণা লাভ করবে এবং সহজ সমস্যার সমাধান করতে পারবে। |
| | — | — | — | — | ২৬.২<br>বিভিন্ন ক্ষেত্রে যেমন, জনসংখ্যা, সুদ-আসল, লাভ-ক্ষতি ইত্যাদি নির্ণয়ে শতকরার ব্যবহার করতে পারবে। |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণীভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | অবিভক্ত প্রথম ও দ্বিতীয় শ্রেণী | | | | |
| | প্রথম শ্রেণী | দ্বিতীয় শ্রেণী | তৃতীয় শ্রেণী | চতুর্থ শ্রেণী | পঞ্চম শ্রেণী |
| **২৭**<br>**দৈর্ঘ্য, ওজন, আয়তন ও ভূমির পরিমাপের বিভিন্ন একক জানা ও ব্যবহার করতে পারা।** | ২৭.১<br>দূরত্ব, ওজন, আয়তন, আকার, উচ্চতা<br>এসবের তুলনা করে –<br>(ক) দূরে-কাছে<br>(খ) ভারি-পাতলা<br>(গ) মোটা-চিকন<br>(ঘ) বড়-ছোট ও<br>(ঙ) লম্বা-খাট বলতে পারবে। | — | — | — | — |
| | — | ২৭.১<br>দৈর্ঘ্য পরিমাপের একক হিসাবে সেন্টিমিটার ও মিটার জানবে। | ২৭.১<br>বিভিন্ন জিনিসের দৈর্ঘ্য, মিটার, সেন্টিমিটারে মাপতে পারবে। | | |
| | — | — | ২৭.২<br>কিলোগ্রামকে গ্রামে রূপান্তর করতে পারা। | — | ২৭.২<br>কিলোগ্রামকে গ্রাম, মিলিগ্রাম ইত্যাদিতে এবং মনকে সের, ছটাক ইত্যাদিতে পরিণত করতে পারবে এবং বিপরীতক্রমেও অনুরূপ রূপান্তর করতে পারবে। |
| | — | — | — | ২৭.৩<br>দেশীয় ওজনের পরিমাপ ও ব্রিটিশ ওজনের পরিমাপের এককাবলী জানবে। | ২৭.৩<br>বিভিন্ন পদ্ধতিতে ওজন পরিমাপ বিষয়ক এককের পারস্পরিক সম্পর্ক জানবে। |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণীভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | অবিভক্ত প্রথম ও দ্বিতীয় শ্রেণী | | | | |
| | প্রথম শ্রেণী | দ্বিতীয় শ্রেণী | তৃতীয় শ্রেণী | চতুর্থ শ্রেণী | পঞ্চম শ্রেণী |
| | — | — | — | — | ২৭.৪<br>বিভিন্ন একক ব্যবহার করে রৈখিক পরিমাপ ও ওজন পরিমাপ সংক্রান্ত যোগ, বিয়োগ, গুণ ও ভাগ করতে পারবে। |
| | | ২৭.৩<br>তরল পদার্থের মাপনী (১ লিটার) চিনবে। | ২৭.৬<br>তরল পদার্থ পরিমাপের একক লিটার জানবে এবং লিটারে তরল পদার্থ মেপে দেখবে। | ২৭.৫<br>তরল পদার্থ পরিমাপের মেট্রিক এককসমূহ জানবে। | — |
| | — | — | ২৭.২<br>কোন অঙ্কিত রেখার বা ছবির দৈর্ঘ্য মেপে নির্ণয় করতে পারবে। | — | — |
| | — | — | ২৭.৩<br>কিলোমিটার, মিটার ও সেন্টিমিটারের মধ্যে সম্পর্ক জানবে এবং কিলোমিটারকে মিটারকে সেন্টিমিটারে রূপান্তর করতে পারবে। | ২৭.১<br>মেট্রিক পদ্ধতিতে রৈখিক পরিমাপ মিলিমিটার, সেন্টিমিটার ইত্যাদি জানবে এবং কিলোমিটারকে মিটার, সেন্টিমিটারে পরিণত করতে পারবে। | ২৭.১<br>কিলোমিটারকে মিটার, সেন্টিমিটার, মিলিমিটার ইত্যাদিতে রূপান্তর করতে পারবে এবং বিপরীতক্রমে মিলিমিটার থেকে কিলোমিটার পর্যন্ত অনরূপ রূপান্তর করতে পারবে। |
| | — | — | — | ২৭.২<br>বৃটিশ পদ্ধতিতে রৈখিক পরিমাপের একক ইঞ্চি, ফুট ইত্যাদি জানবে এবং মাইলকে গজ-ফুট-ইঞ্চিতে পরিণত করতে পারবে। | — |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণীভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | অবিভক্ত প্রথম ও দ্বিতীয় শ্রেণী | | | | |
| | প্রথম শ্রেণী | দ্বিতীয় শ্রেণী | তৃতীয় শ্রেণী | চতুর্থ শ্রেণী | পঞ্চম শ্রেণী |
| | — | ২৭.২<br>ওজন ও আয়তন পরিমাপের একক জানবে। | ২৭.৪<br>ওজন পরিমাপের মেট্রিক একক জানবে এবং বিভিন্ন জিনিসের ওজন গ্রাম ও কিলোগ্রাম মাপতে পারবে। | ২৭.৩<br>মেট্রিক ওজনের পরিমাপের এককাবলী জানবে এবং ব্যবহার করতে পারবে। | — |
| | — | — | — | ২৭.৬<br>ক্ষেত্রফলের ধারণা লাভ করবে এবং ক্ষেত্রফলের একক জানবে ও ব্যবহার করতে পারবে। | ২৭.৫<br>ক্ষেত্রফল পরিমাপের সূত্র ব্যবহার করে শ্রেণীকক্ষ, খেলার মাঠ ইত্যাদির ক্ষেত্রফল মেপে বের করতে পারবে। |
| | — | — | — | ২৭.৭<br>আয়তক্ষেত্র ও বর্গক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয়ের সূত্র জানবে এবং এতদসংক্রান্ত সহজ সমস্যার সমাধান করতে পারবে। | ২৭.৬<br>ক্ষেত্রফল সংক্রান্ত সহজ সমস্যার সমাধান করতে পারবে। |
| **২৮**<br>**সময়ের ধারণা করা এবং দিন পঞ্জিকা চেনা ও ব্যবহার করতে পারা।** | ২৮.১<br>সপ্তাহের দিনগুলোর নাম বলতে পারবে। | ২৮.১<br>ক্রমানুসারে সপ্তাহের দিনগুলোর নাম শিখবে এবং দৈনন্দিন জীবনে ব্যবহার করতে পারবে। | — | — | — |
| | — | ২৮.২<br>দিনের বিভিন্ন অংশের নাম বলবে এবং দৈনন্দিন জীবনে ব্যবহার করতে পারবে। | — | — | ২৮.১<br>হিজরী মাসের নামগুলো জানবে। |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণীভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | অবিভক্ত প্রথম ও দ্বিতীয় শ্রেণী | | তৃতীয় শ্রেণী | চতুর্থ শ্রেণী | পঞ্চম শ্রেণী |
| | প্রথম শ্রেণী | দ্বিতীয় শ্রেণী | | | |
| | — | ২৮.৩<br>ক্রমানুসারে বাংলা ও ইংরেজি মাসের নামগুলো শিখবে এবং দৈনন্দিন জীবনে ব্যবহার করতে পারবে। | — | — | ২৮.২<br>বিভিন্ন মাস (ইংরেজি ও বাংলা) কত দিনে তা বলতে পারবে। |
| | — | ২৮.৪<br>সেকেন্ডের সাথে মিনিটের, মিনিটের সাথে ঘন্টার, ঘন্টার সাথে দিনের দিনের সাথে সপ্তাহের ও মাসের এবং মাসের সাথে বছরের সম্পর্ক শিখবে এবং দৈনন্দিন জীবনে ব্যবহার করতে পারবে। | ২৮.১<br>ঘড়ি দেখবে এবং দৈনন্দিন জীবনে ব্যবহার করতে পারবে। | ২৮.১<br>সময়কে ঘন্টা ও মিনিটে প্রকাশ করতে পারবে। | ২৮.৩<br>অধিবর্ষ সম্বন্ধে জানবে এবং এরূপ বর্ষে কোন মাসে দিন সংখ্যা বাড়ে তাও জানবে। |
| | — | — | ২৮.২<br>সময়ের এককাবলী ব্যবহার করে ছোট ছোট যোগ, বিয়োগ করতে পারবে। | ২৮.২<br>সময়ের এককাবলী ব্যবহার করে সহজ যোগ ও বিয়োগ করতে পারবে। | ২৮.৪<br>দশক, যুগ, শতাব্দী সম্বন্ধে জানবে। |
| | — | — | ২৮.৩<br>দিন পঞ্জিকা ব্যবহার করে প্রত্যেক মাসের দিনগুলো বের করতে পারবে এবং কোন দিনে কি বার তা বের করতে পারবে। | ২৮.৩<br>দিন পঞ্জিকা দেখে বিভিন্ন দিনের নাম তারিখ, মাস ও বছর বের করতে পারবে। | ২৮.৫<br>সময়ের বিভিন্ন একক ব্যবহার করে যোগ, বিয়োগ করতে পারবে। |
| | — | — | — | ২৮.৪<br>মাসের তারিখগুলোর ক্রমবাচক নাম বলতে পারবে (১লা, ২রা, ৩রা ইত্যাদি) | ২৮.৬<br>সময়ের এককসমূহকে কোন পূর্ণ সংখ্যা দ্বারা গুণ ও ভাগ করতে পারবে। |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণীভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | অবিভক্ত প্রথম ও দ্বিতীয় শ্রেণী | | | | |
| | প্রথম শ্রেণী | দ্বিতীয় শ্রেণী | তৃতীয় শ্রেণী | চতুর্থ শ্রেণী | পঞ্চম শ্রেণী |
| | — | — | — | — | ২৮.৭<br>বছর, মাস, দিনকে ঘন্টা, মিনিট ও সেকেন্ডে পরিণত করবে এবং ঘন্টা, মিনিট ও সেকেন্ডকে দিন, মাস ও বছরে পরিণত করতে পারবে। |
| ২৯<br>জমা খরচ সম্বন্ধে ধারণা লাভ করা এবং দৈনন্দিন জীবনে তা কাজে লাগাতে পারা | — | — | — | — | ২৯.১<br>জমা খরচ সম্বন্ধে ধারণা লাভ করবে। |
| | — | — | — | — | ২৯.২<br>নির্দিষ্ট কোন দিনের বা মাসের জমা খরচ লিখতে পারবে। |
| | — | — | — | — | ২৯.৩<br>ক্যাশ মেমো সম্বন্ধে ধারণা লাভ করবে এবং ক্যাশমেমো লিখতে পারবে। |
| ৩০<br>লেখচিত্র সম্বন্ধে ধারণা লাভ করা এবং স্তম্ভ লেখ আঁকতে পারা। | — | — | — | ৩০.১<br>লেখচিত্রের ধারণা লাভ করবে। | — |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণীভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | অবিভক্ত প্রথম ও দ্বিতীয় শ্রেণী | | | | |
| | প্রথম শ্রেণী | দ্বিতীয় শ্রেণী | তৃতীয় শ্রেণী | চতুর্থ শ্রেণী | পঞ্চম শ্রেণী |
| | — | — | — | ৩০.২<br>জনসংখ্যাভিত্তিক উপাত্তসহ অন্যান্য সহজ উপাত্তের স্তম্ভ লেখ আঁকতে পারবে। | ৩০.১<br>জনসংখ্যাভিত্তিক উপাত্তের স্তম্ভ লেখ আঁকতে পারবে এবং প্রদত্ত স্তম্ভ লেখ থেকে বিভিন্ন তথ্য আহরণ করতে পারবে। |
| **৩১**<br>**মৌলিক জ্যামিতিক আকৃতি চেনা ও জানা। সহজ লভ্য ঘনবস্তুর শ্রেণীবিন্যাস ও জ্যামিতিক নামকরণ করতে পারা।** | — | ৩১.১<br>বিভিন্ন আকারের ঘনবস্তুর (যেমন - ঘনক, গোলক, মোচক, বেলন ইত্যাদির) সাথে পরিচিত হবে এবং আকৃতি অনুসারে এগুলোকে পৃথক পৃথকভাবে সাজাতে পারবে। | ৩১.১<br>ঘনবস্তুর (ঘনক, গোলক, মোচক ও বেলনের) নাম জানবে। | ৩১.১<br>বিভিন্ন প্রকার ঘনবস্তু ও পিরামিড চিনতে পারবে। | — |
| | — | ৩১.২<br>বিভিন্ন আকৃতির বস্তুর সাথে পরিচিত হবে এবং চতুর্ভুজ, বর্গক্ষেত্র, ত্রিভুজ, বৃত্ত এই জ্যামিতিক আকৃতিগুলো সনাক্ত করতে পারবে। | — | — | — |
| **৩২**<br>**সমতলীয় জ্যামিতিক আকৃতির শ্রেণীবিন্যাস ও নামকরণ করতে পারা। (ত্রিভুজ, চতুর্ভুজ ও বৃত্ত)।** | — | — | ৩২.১<br>ত্রিভুজ চিনতে পারবে। | — | — |
| | — | — | ৩২.২<br>বাহুভেদে ত্রিভুজের নামকরণ করতে এবং আঁকতে পারবে। | — | ৩২.১<br>কোণ ভেদে ত্রিভুজ এর নামকরণ শিখবে এবং আঁকতে পারবে। |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণীভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | অবিভক্ত প্রথম ও দ্বিতীয় শ্রেণী | | | | |
| | প্রথম শ্রেণী | দ্বিতীয় শ্রেণী | তৃতীয় শ্রেণী | চতুর্থ শ্রেণী | পঞ্চম শ্রেণী |
| | — | — | ৩২.৩ চতুর্ভুজ সম্বন্ধে ধারণা লাভ করবে এবং আয়তক্ষেত্র, বর্গক্ষেত্র চিনতে পারবে। | ৩২.১ চতুর্ভুজের বিস্তৃত ধারণা লাভ করবে এবং আয়তক্ষেত্র ও বর্গক্ষেত্রসহ অন্যান্য চতুর্ভুজ যেমন সামন্তরিক, রম্বস সম্বন্ধে ধারণা লাভ করবে এবং আঁকতে পারবে। | ৩২.২ আয়তক্ষেত্র, বর্গক্ষেত্র, রম্বস ও সামন্তরিকের বৈশিষ্ট্য সম্বন্ধে ধারণা লাভ করবে। |
| | — | — | ৩২.৪ বৃত্ত চিনতে পারবে। | ৩২.২ বৃত্ত আঁকতে পারবে। | ৩২.৩ বৃত্তের বিভিন্ন অংশ চিনতে পারবে এবং এদের নাম বলতে পারবে। |
| ৩৩ **বিন্দু, রেখা ও তল সম্বন্ধে ধারণা লাভ করা।** | | | | ৩৩.১ বিন্দু, তল ও রেখা সম্বন্ধে ধারণা লাভ করবে। | |
| | | | | ৩৩.২ লম্ব ও সমান্তরালের ধারণা লাভ করবে ও আঁকতে পারবে। | |
| | | | | ৩৩.৩ কোণ ও কোণের পরিমাপ সম্বন্ধে ধারণা লাভ করবে। | ৩৩.১ বিভিন্ন কোণ সম্পর্কে ধারণা লাভ করবে এবং নামকরণসহ বিভিন্ন কেণের চিত্র আঁকতে পারবে। |
| | | | | ৩৩.৪ কোণের একক বলতে পারবে এবং চাঁদার সাহায্যে কোণ মাপতে পারবে। | ৩৩.২ চাঁদার সাহায্যে বিভিন্ন কোণ মাপতে পারবে। |